



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
(প্রাথমিক শিক্ষা বিভাগ)
বান্দরবান।



স্মারক নং - ২৯.২৩৫.০২৬.৬৬.০২.০০৪-২০১৮-৩৮

তারিখ-০৬/০১/২০১৮ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বান্দরবান পার্বত্য জেলার প্রাথমিক শিক্ষা বিভাগের আওতাধীন মূল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ প্রাথমিক বিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় সৃজিত সহকারী শিক্ষক পদে এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও উপজেলা শিক্ষা অফিসে ৩য় শ্রেণির এবং সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন আবাসিক ছাত্রাবাসে ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের জন্য নিম্নবর্ণিত বেতনস্কেলে ও শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশের নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান বরাবর স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শূণ্যপদ		বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
		উপজেলার নাম	সংখ্যা		
০১	সহকারী শিক্ষক ক) প্রশিক্ষণপ্রাপ্ত - গ্রেড : ১৪ তম বেতনস্কেলঃ ১০২০০-২৪৬৮০/= খ) প্রশিক্ষণবিহীন- গ্রেড : ১৫ তম বেতনস্কেলঃ টাকা ৯৭০০-২৩৪৯০/=	বান্দরবান সদর	০১	১৮-৩০ বছর	১। পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি পাশ। ২। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে : উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় নূন্যতম ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএসহ উত্তীর্ণ অথবা স্নাতক বা সমমানের পরীক্ষায় পাশ। ৩। প্রশিক্ষণপ্রাপ্ত পুরুষ/মহিলা প্রার্থীদের ক্ষেত্রেঃ সার্টিফিকেট ই-এডুকেশন (সিইনএড)/ ডিপ্লোমা ইন এডুকেশন (ডিইনএড) প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
		রুমা	১৭		
		রোয়াংছড়ি	০২		
		খানছি	০৩		
		লামা	২৬		
		নাইক্ষ্যংছড়ি	০৯		
আলীকদম	০৬				
০২	ক্যাশিয়ার গ্রেড : ১৪ তম বেতনস্কেল : ১০২০০-২৪৬৮০/=	ডিপিইও অফিস	০১	১৮-৩০ বছর	স্নাতক ডিগ্রিসহ অফিসের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৩	উচ্চমান সহকারী-কাম-হিসাব রক্ষক গ্রেড : ১৪ তম বেতনস্কেল : ১০২০০-২৪৬৮০/=	ইউইও অফিস	০১	১৮-৩০ বছর	স্নাতক ডিগ্রিসহ অফিসের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৪	দারওয়ান গ্রেড : ২০ তম বেতনস্কেল : ৮২৫০-২০০১০/=	ছাত্রাবাস	০১	১৮-৩০ বছর	অষ্টম শ্রেণি পাস হতে হবে এবং কমপক্ষে ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী :

০১। আগামী ০৬/০২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদের কার্যালয়ে প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্র পৌছাতে হবে। উক্ত তারিখের পরে সরাসরি, ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রার্থী যে উপজেলায় স্থায়ীভাবে বসবাস করেন নিয়োগের ক্ষেত্রে উক্ত উপজেলায় তাঁকে অগ্রাধিকার দেয়া হবে। এ ক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২। অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রার্থীকে অবশ্যই বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং প্রমাণ স্বরূপ বোমাং সার্কেল চিফ অথবা জেলা প্রশাসক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদ দাখিল করতে হবে।

০৩। বয়স সংক্রান্ত :

(ক) প্রার্থীর বয়সসীমা ০৬/০২/২০১৮ খ্রিঃ তারিখে ১৮ বছর হতে হবে। বয়স নিরূপনের ক্ষেত্রে এফিডেভিট কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(গ) পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের চাকুরীর ক্ষেত্রে বয়স শিথিল এবং শিক্ষাগত যোগ্যতা একধাপ শিথিল সংক্রান্ত সরকারি সার্কুলার অনুসরণ করা হবে।

০৪। কোটা সংক্রান্ত :

(ক) সরকারি নিয়মানুযায়ী সকল কোটা সংরক্ষণ করা হবে।

(খ) শিক্ষকদের জন্য নির্ধারিত পোষ্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার শিক্ষা অফিসার কর্তৃক সদ্য প্রদত্ত পোষ্য সনদ/প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।

